আল্লাহর তা‘আলা তার সৃষ্টিকে অন্ধকারে সৃষ্টি করেছেন। তারপর তার নূর থেকে তাদের ওপর নিক্ষেপ করলেন। যে তার সে নূর থেকে পেল, সে হিদায়াত প্রাপ্ত হলো আর যে পেল না গোমরাহ হলো। এ কারণেই আমি বলি, আল্লাহর ইলমের ওপর কলম শুকিয়ে গিয়েছে।

আব্দুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, আল্লাহর তা‘আলা তার সৃষ্টিকে
অন্ধকারে সৃষ্টি করেছেন। তারপর তার নূর থেকে তাদের ওপর নিক্ষেপ করলেন। যে তার সে নূর থেকে পেল, সে হিদায়াত প্রাপ্ত হলো আর যে পেল না গোমরাহ হলো। এ কারণেই আমি বলি, আল্লাহর ইলমের ওপর কলম শুকিয়ে গিয়েছে।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটি বর্ণনা করে যে, আল্লাহ তা‘আলা তার সৃষ্টিকে অন্ধকারে সৃষ্টি করেছেন। তারপর তার নূরকে তাদের ওপর নিক্ষেপ করলেন। যে তার সে নূর থেকে পেল, সে তার জান্নাতের পথের হিদায়াত প্রাপ্ত হলো আর নুর যাকে ছাপিয়ে গেল এবং তাকে ছাড়িয়ে গেল ও তার পর্যন্ত পৌঁছলো না সে সত্যের পথ থেকে বিচ্যুত ও গোমরাহ হলো। কারণ, হেদায়েত লাভ করা এবং গোমরাহ হওয়া উভয়টি আল্লাহর ইলম এবং আযলের ফায়সালা অনুযায়ী হবে। কোন পরিবর্তন ও পরিবর্ধন হবে না। একেই কলম শুকিয়ে যাওয়া বলে ব্যাখ্যা করা হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/10415